ICSE ACADEMY
www.spellbeeacademy.com

SpellIndia
INDIA's No. 1
SPELLING BEE
Preparatory Study Material Provider
www.phonicsestore.com

Pati's

# Specimen Papers

# PREPARE

for

# ICSE

Class 10

# Bengali

# ICSE ACADEMY: How to Prepare for ICSE Class 10 exams

https://www.spellbeeacademy.com/icse.html

## How to Prepare for ICSE Class 10 exams : Free Resources

Please click on subject to proceed further.


We will keep adding resources here till "March 2026".


So, save this link, keep visiting and stay updated.


( Resources include : Syllabus, Past Year Papers, Specimen Papers, Competency based Questions, Books pdf downloadable, 350+ Term Papers / Prelim Papers of various schools - across subjects, etc. )


01 English Literature
02 English Language
03 Geography
04 History & Civics
05 Physics
06 Chemistry
07 Mathematics
08 Biology
09 Computer Applications
10 Physical Education
11 Hindi
12 Commercial Studies
13 Economics
14 Technical Drawing
15 Environmental Science
16 Home Science
17 Gujarati
18 Marathi
19 French

**SCAN QR code to buy the book at amazon NOW.**

















**Scan QR code** for Free Access to
500+ Prelim Papers across 20 subjects


















Pati's
ICSE ACADEMY

# Prepare for ICSE CLASS 10
# Bengali

## Free Resources

## SCAN QR CODE Now

Pati's

ICSE ACADEMY

# Specimen Papers

## - 2023

Pati's
ICSE ACADEMY

# ICSE 2023 EXAMINATION

## SPECIMEN QUESTION PAPER

## BENGALI

## (SECOND LANGUAGE)

---

*Maximum Marks: 80*

*Time allowed: Three hours*

*Answers to this Paper must be written on the paper provided separately.*

*You will not be allowed to write during the first 15 minutes.*

*This time is to be spent in reading the question paper.*

*The time given at the head of this Paper is the time allowed for writing the answers.*

---

***Section A** is compulsory – **All** questions in **Section A** must be answered.*

*Attempt **any four** questions from **Sections B,** answering at least **one** question each from the **two** books you have studied and **any two** questions from the same books you have studied.*

*The intended marks for questions or parts of questions are given in brackets [ ].*

---

## SECTION A

*(Attempt **all** questions from this Section.)*

**Question 1**

Write a short composition in **Bengali** of approximately **250** words on **any one** of the following topics: [15]

নিচের বিষয়গুলি থেকে যে কোনো একটি বিষয় নিয়ে আনুমানিক 250 শব্দের মধ্যে একটি প্রবন্ধ রচনা কর:

(i) প্রকৃতি মানুষের বন্ধু কিন্তু মানুষ হয়েছে প্রকৃতির শত্রু ।

(ii) একটি পুরানো সাদাকালো টিভির আত্মকথা ।

(iii) তুমি ছেলেধরার কবলে পড়েছিলে সেই অভিজ্ঞতার কথা বর্ণনা কর ।

(iv) 'যেমন কুকুর তেমন মুগুর'- এই প্রবাদবাক্যটি অবলম্বনে একটি মৌলিক গল্প রচনা কর ।



Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

নিচের ছবিটির বর্ণনা দাও এবং ছবিটি তোমার মনে কি প্রতিক্রিয়া সৃষ্টি করেছে তা ব্যাখ্যা কর :



**Question 2**

Write a letter in **Bengali** in approximately **120** words on **any one** of the topics given below: [7]

নিম্নলিখিত বিষয়দুটির মধ্যে যে কোন একটি বিষয় নিয়ে আনুমানিক 120 শব্দের মধ্যে একটি পত্র লেখ:

(i) বর্ষায় তোমার শহর জলের তলায় ডুবে যাচ্ছে । সামান্য বৃষ্টি হলেই জল জমে শহরবাসীর জীবন অচল হয়ে পড়ে -- এবিষয়ে প্রতিকার চেয়ে শহরের পুরসভার পৌরপ্রধানের (মেয়র) কাছে একটি চিঠি লেখ ।

(ii) তোমাদের বিদ্যালয় থেকে তোমাকে বৃদ্ধাশ্রমে নিয়ে যাওয়া হয়েছিল - সেই অভিজ্ঞতার কথা জানিয়ে তোমার বন্ধুকে একটি চিঠি লেখ ।

**Question 3**

Read the passage given below and answer in **Bengali** the questions that follow, using your own words as far as possible: [10]

নিচের অংশটি ভাল করে পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখ :

সাংঘাতিক ঘটনা । আমার হাতে কলম স্থির থাকছে না এখনো । ডায়েরি লিখে মশারি তুলে বিছানায় উঠব , এমন সময় বাইরে থেকে চিৎকার ।

ডেভিড আর রকেট ঘুমোচ্ছিল , দুজনেই একমুহূর্তে সজাগ । তিনজনে তৎক্ষনাৎ বেরিয়ে এলাম । আমাদের দৃষ্টি কুলিদের তাঁবুর দিকে , কারণ সে দিক থেকেই চিৎকারটা এসেছে । বাইরে দুর্ভেদ্য অন্ধকার । অন্যদিন তাঁবুর বাইরে আগুন জ্বলে , আজ বৃষ্টিতে সে আগুন নিবে গেছে ।

চিৎকার এখন আর্তনাদে পরিণত হয়েছে , আর সেই সঙ্গে শুনতে পাচ্ছি একটা দুমদুম শব্দ - যেন বিশাল একটা দুরমুশ পেটা হচ্ছে ।



Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

সান্ডার্সও এসে জুটেছে , ওর আর আমার হাতে টর্চ , সুতরাং শব্দ লক্ষ করে টর্চ ফেলতেই বর্ষণের বক্র রেখা ভেদ করে এক ভয়ংকর দৃশ্য আমাদের চোখের সামনে ভেসে উঠল ।

কুলিদের পরপর দুটো তাঁবু তছনছ হয়ে মাটির সঙ্গে মিশে গেছে - যেন তাদের উপর দিয়ে ষ্টিমরোলার চলে গেছে । তৃতীয় তাঁবুরও সেই অবস্থা হতে চলেছে , কারণ জ্বলন্ত চোখবিশিষ্ট একটি অতিকায় প্রাণী সেটার দিকে এগিয়ে আসছে । প্রাগৈতিহাসিক ডাইনোসর যুগের সবচেয়ে হিংস্র মাংসাশী জানোয়ার টির‍্যানোসরাস রেক্স ।

আমি কোট ছেড়ে ফেলেছিলাম , তাই অ্যানাইহিলেনের জন্যে তাঁবুতে ফিরে যেতে হল । কয়েক সেকেন্ডের কাজ । বাইরে বেরোতেই এক চোখ ধাঁধানো নীল আলো আর তার সঙ্গে এক কর্ণভেদী বজ্রনিনাদ আমার দৃষ্টি ও শ্রবনশক্তি দুটোকেই যেন সাময়িকভাবে পঙ্গু করে দিল । আমার আর অ্যানাইহিলেনের ঘোড়া টেপা হল না ।

তার পরেই আর একটা বিদ্যুতের ঝলক দেখলাম । টির‍্যানোসরাস তার পথ পরিবর্তন করে আমাদের দিক থেকে চলে যাচ্ছে ।

প্রশ্ন :-

(i) লেখকরা ক'জন ছিলেন ? লেখক তখন কি করছিলেন ? [2]

(ii) তাঁবুর বাইরে কেন আগুন জ্বালিয়ে রাখা হয়েছিল ? সেদিন আগুন নিভে গিয়েছিল কেন ? [2]

(iii) কারা কি কারণে চিৎকার করছিল ? [2]

(iv) চিৎকারের শব্দ ছাড়াও যে শব্দ শোনা যাচ্ছিল সেটি আসলে কিসের শব্দ ? [2]

(v) তাঁবুগুলির দুরবস্থার জন্য দায়ী কে ? লেখক কোট ছেড়ে ফেলায় কি অসুবিধা হয় ? [2]

**Question 4**

ব্যাকরণভিত্তিক প্রশ্ন (Grammatical Questions) : [8]

Write the correct option:

(i) অলঙ্কারের শব্দকে কি বলে ?

(a) নিক্কণ

(b) কঙ্কণ

(c) শিঞ্জন

(d) কিঙ্কিনি



Pati's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

(ii) দেখতে নিরীহ হলেও লোকটি আসলে ____________। (শূণ্যস্থানে কোন শব্দটি বসবে ?)

(a) জড়ভরত

(b) কূপমন্ডুক

(c) ভিজে বেড়ল

(d) ফুলবাবু

(iii) প্রতিশোধের আগুন তার বুকের ভিতর তুষের আগুনের মত ____________ করে জ্বলতে লাগল। (শূণ্যস্থানে উপযুক্ত শব্দ বসাও )

(a) দাউদাউ

(b) গনগন

(c) ধিকধিক

(d) দপদপ

(iv) সঠিক বানান কোনটি ?

(a) শশীভূষণ

(b) শশিভূষণ

(c) শসিভূষণ

(d) শষিভূশণ

(v) বিশ শব্দটির অর্থ কি ?

(a) গরল

(b) কুড়ি

(c) দাঁত

(d) নখ

(vi) আন্তরিক পরিশ্রম কি কখনো ব্যর্থ হয় ? - এটি কি জাতীয় বাক্য ?

(a) বিস্ময়সূচক

(b) প্রশ্নবোধক

(c) সদর্থক

(d) অনুজ্ঞাবাচক



Pati's
ICSE ACADEMY

ICSE ACADEMY

(vii) আমি ‘গোরা’ উপন্যাসটি পড়েছি। - ইহা কর্মবাচ্যে হবে

(a) আমার ‘গোরা’ উপন্যাসটি পড়া হয়েছে।

(b) আমার দ্বারা ‘গোরা’ উপন্যাসটি পঠিত হয়েছে।

(c) ‘গোরা’ আমার পড়া উপন্যাস।

(d) ‘গোরা’ উপন্যাসটি আমি পড়েছি।

(viii) কোন বাক্যটিতে ‘ছোটো’ শব্দটি ‘সংকীর্ণ’ অর্থে ব্যবহৃত হয়েছে ?

(a) ছোটো লোকেদের মাথায় তুলতে নেই।

(b) ছোটো মনের মানুষের সঙ্গে খাপ খাওয়ানো কঠিন।

(c) মোড়লের টাকা থাকতে পারে কিন্তু নজর ছোটো।

(d) ছোটো বাড়ি তো কি হয়েছে, মনটাতো বড়।

## SECTION B

*(Attempt **four** questions from this Section.)*

*(You must answer at least **one** question from each of the **two** books you have studied and any **two** other questions.)*

## সংকলিতা -- ছোট গল্প

## SONKOLITA – SHORT STORIES

**Question 5**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :

“ মেয়েটি কথা বলবার পূর্বেই আমি বললুম, ‘তুমি যেই হও, তুমি পরম দয়াময়ী - বলে দাও কোন পথে কী ভাবে পালাবো - ”

*বামা - বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়*

*Bama - Bibhutibhushan Bandyopadhyay*

(i) কথাটি কে কাকে বলেছে ? [2]

(ii) মেয়েটির পরিচয় দাও। [2]

(iii) তাকে দয়াময়ী বলা হয়েছে কেন ? [3]

(iv) মেয়েটি কিভাবে বক্তাকে রক্ষা করেছিল ?



ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

**Question 6**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও:

"অসীম ভেবেছিল যা লোকের কাছে বলা যায় এমন একটা কাজই বিষ্ণুকাকা তাকে জুটিয়ে দেবেন।"

*নাম - নরেন্দ্রনাথ মিত্র*

*Naam - Narendranath Mitra*

(i) অসীম কে ? [2]

(ii) অসীম কোথায় কাজ পেয়েছিল ? [2]

(iii) এই কাজ সম্পর্কে অসীমের মনোভাব কেমন ছিল ? [3]

(iv) তাকে বাধ্য হয়ে এই কাজ নিতে হল কেন ? [3]

**Question 7**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :

"কয়েকমাস বাদে যখন ফিরলাম তখন অশ্বত্থতলার মোড়কে আর চেনাই যায় না"

*দেবতার জন্ম - শিবরাম চক্রবর্তী*

*Debotar Jonmo - Shibram Chakraborty*

(i) বক্তা কে ? কয়েকমাস বাদে তিনি কোথা থেকে ফিরলেন ? [2]

(ii) অশ্বত্থতলার মোড়কে আর চেনাই যায় না কেন ? [2]

(iii) সেখানে কার কোন পরিবর্তন দেখে বক্তা সবচেয়ে বিস্মিত হয়েছিলেন ? [3]

(iv) যে জিনিসটিকে কেন্দ্র করে এই পরিবর্তন সেই জিনিসটি উদ্ভব হয়েছিল কিভাবে ? [3]



Pati's
ICSE ACADEMY

Pati 's
ICSE ACADEMY

# সংকলিতা -- কবিতা

## SONKOLITA – POEMS

**Question 8**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :

“ হয়তো ভোরের কাক হয়ে এই কার্তিকের নবান্নের দেশে
কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ-কাঁঠাল-ছায়ায়। ”

*আবার আসিব ফিরে - জীবনানন্দ দাস*

*Abar asibo phire -- Jibonananda Das*

(i) ভোরের কাকের কাজ কি ? [2]

(ii) কবি কেন ভোরের কাক হয়ে কার্তিকের নবান্নের দেশে আসতে চেয়েছেন ? [2]

(iii) ‘কুয়াশা’- কাকে বলে ? [3]

(iv) কবি কি কারণে কুয়াশার বুকে ভেসে কাঁঠাল-ছায়ায় আসবেন ? [3]

**Question 9**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও:

“তারপর ফিরে তাকাও না পিছনের দিকে
তোমাদের পদধূলিধন্য আমাদের বুক
পদাঘাতে ক্ষতবিক্ষত হয়ে যায় প্রতিদিন ।”

*সিঁড়ি -- সুকান্ত ভট্টাচার্য*

*Siri - Sukanta Bhattacharya*

(i) কারা কি কারণে পিছনের দিকে ফিরে তাকায় না ? [2]

(ii) তোমাদের বলতে কাদের কথা বোঝানো হয়েছে ? [2]

(iii) কাদের বুক কেন পদধূলিধন্য ? [3]

(iv) তারা প্রতিদিন পদাঘাতে কীভাবে ক্ষতবিক্ষত হয় ?



Pati 's
ICSE ACADEMY

Pati's
ICSE ACADEMY

**Question 10**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :

"এ-নরক সহিতে কি পারিতাম , হে বন্ধু ,"

*রবীন্দ্রনাথের প্রতি -- বুদ্ধদেব বসু*

*Rabindranather Proti - Buddhadeb Basu*

(i) উদ্ধৃত অংশটিতে কে কাকে বন্ধু বলে সম্বোধন করেছে ? [2]

(ii) 'এ-নরক'- বলতে কি বুঝিয়েছেন কবি ? [2]

(iii) এই নরককে তিনি কিভাবে সহ্য করেন ? [3]

(iv) বন্ধুর সহায়তায় কবি অন্তরে কি লাভ করেছেন ? [3]

## চাঁদের পাহাড় -- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

## CHANDER PAHAR – BIBHUTUBHUSHAN BANDYOPADHYAY

**Question 11**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও:

"সে বাড়ি থেকে পালিয়ে এসেছে অ্যাডভেঞ্চারের নেশায় ।"

(i) 'সে' কে ? তার পরিচয় দাও । [2]

(ii) অ্যাডভেঞ্চারের নেশায় সে কোথায় পালিয়ে গিয়েছিল ? [2]

(iii) কীভাবে তার মৃত্যু ঘটে - তা নিজের ভাষায় লেখ । [3]

(iv) তার মৃত্যুর পর তাঁবুতে কী অবস্থা হয় ? [3]

**Question 12**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :

"জানোয়ারটা যাই হোক না কেন , তার যেমন বুদ্ধি আছে , বিচারের ক্ষমতা আছে , মস্তিস্ক আছে ।"

(i) 'জানোয়ারটা' কি ? তাকে কেমন দেখতে ?



Pati's
ICSE ACADEMY

(ii) তার চিহ্ন বা লক্ষণ কি পাওয়া যায় ? [2]

(iii) তার বুদ্ধি , বিচার ও মস্তিস্কের ক্ষমতার কথা কোন ঘটনার পরিপ্রেক্ষিতে বলা হয়েছে ? [3]

(iv) এই জানোয়ারটা প্রথম কাকে কিভাবে হত্যা করে ? [3]

**Question 13**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :

''জীবন-মৃত্যু তো অদৃষ্টের খেলা ।''

(i) কার এ-কথাটি মনে হয়েছে ? [2]

(ii) 'অদৃষ্ট' শব্দটির অর্থ কী ? [2]

(iii) জীবনের যে কঠিন মুহূর্তে তার এ কথাটি মনে হয়েছে তা নিজের ভাষায় লেখো । [3]

(iv) 'জীবন-মৃত্যু তো অদৃষ্টের খেলা'-- কথাটির অর্থ বুঝিয়ে দাও । [3]

## জাম্বো -- মোহিত চট্টোপাধ্যায়

## JAMBO – MOHIT CHATTOPADHYAY

**Question 14**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :

''ছোটরা আগে নিজেদের স্বপ্ন গড়ে নিত , বড় কিছু হবার স্বপ্ন । ওরা এখন মিডিয়া থেকে স্বপ্ন কেনে , স্বপ্ন বেছে নেয় ।''

(i) বক্তা কে ? কাদের উদ্দেশ্যে একথা বলেছে ? [2]

(ii) ওরা বলতে কাদের কথা বোঝানো হয়েছে ? [2]

(iii) বক্তার একথা বলার কারণ কি ? [3]

(iv) বক্তার মতে মিডিয়া থেকে কে কিভাবে স্বপ্ন কিনছে ? [3]


Pati's ICSE ACADEMY

ICSE ACADEMY

**Question 15**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :

"ছেলেটার কথা শুনলে হাড় পিত্তি জ্বলে কি না বল। বেকায়দায় আছি বলে, নইলে বাছাধনকে টের পাইয়ে দিতাম। "

(i) বক্তা কে ? কাকে সে কথাগুলি বলেছে ? [2]

(ii) 'বাছাধন' বলতে কার কথা বলা হয়েছে ? [2]

(iii) 'বেকায়দায় আছি' - বলতে বক্তা কি বোঝাতে চেয়েছে ? [3]

(iv) বক্তার হাড় পিত্তি জ্বলার কারণ কি ? [3]

**Question 16**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow:

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :

"হাত জোড় করে বলছি , আমাদের ছেড়ে দিন । আমি অসুস্থ ।"

(i) বক্তা কে ? [2]

(ii) বক্তা কাকে এ-কথাগুলি বলেছে ? [2]

(iii) বক্তা তাদের ছেড়ে দেওয়ার কথা বলেছে কেন ? [3]

(iv) এরপর বক্তারা ছাড়া পেল কীভাবে ? [3]



ICSE ACADEMY

Pati's

ICSE Academy

Prepare for ICSE CLASS 10
Free Resources

SCAN QR CODE Now

History/Civics

Geography

Maths

Physics

Chemistry

Biology

Hindi

Physical Education

Computer Applications



www.spellbeeacademy.com

Pati's

ICSE Academy

Prepare for ICSE CLASS 10
Free Resources

SCAN QR CODE Now

| | | |
|---|---|---|
| Economics | Commercial Studies | French |
| Robotics & AI | Home Science | EVS |
| Marathi | Gujarati | Odiya |



**Scan QR code** for Free Access to
500+ Prelim Papers across 20 subjects

